**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**8 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==================================================================

১) রাজ্যে তৃতীয় পর্যায়ের মিশন বসুন্ধরার কাজ-কর্ম আগামী মাস থেকে আরম্ভ হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার ঘোষণা ।

২) আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদ এবং আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদকে একত্রিত করে আসাম রাজ্যিক বিদ্যালয় শিক্ষা পরিষদ গঠন । শ্রী আর সি জৈন এই পরিষদের অধ্যক্ষ মনোনীত ।

৩) আগামী রবিবার থেকে বিভিন্ন পর্যায়ে অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা স্বচ্ছভাবে অনুষ্ঠিত করার ক্ষেত্রে কোন ধরণের আপোশ করা হবে না বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ

৪) ভারত ২০৩০ সালের যুব অলিম্পিক এবং ২০৩৬ সালের গ্রীষ্মকালীন অলিম্পিক আয়োজনের দায়িত্ব গ্রহণ করার চেষ্টা চালাচ্ছে বলে কেন্দ্রীয় যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রী ডক্টর মনসুখ মন্ডাভিয়ার প্রকাশ ।

---

রাজ্যে তৃতীয় পর্যায়ের মিশন বসুন্ধরার কাজ-কর্ম আগামী মাস থেকে আরম্ভ হবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ গৌহাটির শংকরদেব কলাক্ষেত্রে অনুষ্ঠিত রাজস্ব বিভাগের একটি কর্মশালায় এ কথা ঘোষণা করেন । মুখ্যমন্ত্রীর এই ঘোষণা অনুসারে প্রথম এবং দ্বিতীয় পর্যায়ের মিশন বসুন্ধরায় অন্তর্ভুক্ত না হওয়া আবেদনকারীদের আবেদনপত্র পুনরায় পরীক্ষা করে দেখা হবে । এছাড়াও তৃতীয় পর্যায়ের মিশন বসুন্ধরায় সামাজিক সংস্থা , শিক্ষাপ্রতিষ্ঠান , দেবোত্তর বোর্ডের জমি মেয়াদী পাট্টার ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে । মুখ্যমন্ত্রী আরো জানান যে মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায়ের কাজ-কর্ম নিদৃষ্ট

সময়সীমার মধ্যে আবদ্ধ রাখা হবে না । একেবারে শেষ আবেদনপত্রের কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত এই পর্যায়ের কাজ অব্যাহত থাকবে । জমি সম্পর্কীত সব কাজ রাজ্য সরকার গৌহাটি থেকেই তদারকি করবে বলেও তিনি উল্লেখ করেন । উল্লেখ্য যে শংকরদেব কলাক্ষেত্রে দুদিনব্যাপী কার্যসূচির মাধ্যমে গতকাল থেকে মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায়ের কাজ-কর্ম নিয়ে বিশেষ কর্মশালা আরম্ভ হয়েছে । আজ এই কর্মশালার দ্বিতীয় তথা সমাপ্তি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং রাজস্বমন্ত্রী যোগেন মোহন উপস্থিত হয়ে বিভাগের কাজ কর্ম সম্পর্কে নীতি-নির্দেশনা স্পষ্ট করে দেন । এই কর্মশালায় রাজস্ব বিভাগের উচ্চপদস্থ আধিকারিক সহ প্রত্যেক জেলার আয়ুক্ত , অতিরিক্ত জেলা আয়ুক্ত এবং খন্ড উন্নয়ন আধিকারিকরাও উপস্থিত ছিলেন । জেলা আয়ুক্তরা মিশন বসুন্ধরা রূপায়নের ক্ষেত্রে প্রত্যাহ্বান সমূহ উচ্চপদস্থ আধিকারিকদের অবগত করেন ।

---

রাজ্য সরকার আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদ এবং আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদকে একত্রিত করে আসাম রাজ্যিক বিদ্যালয় শিক্ষা পরিষদ গঠন করেছে । এই পরিষদের অধ্যক্ষ হিসেবে ভারতীয় প্রশাসনীয় সেবার অবসরপ্রাপ্ত আধিকারিক আর সি জৈনকে মনোনীত করা হয়েছে । এদিকে , আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের বর্তমান অধ্যক্ষ রুক্ন গোহাই বরুয়াকে উপাধ্যক্ষ হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে । উল্লেখ্য যে রাজ্য সরকার কেবিনেট বৈঠকে আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদ এবং আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদকে একত্রিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছিল ।

---

আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা আগামী রবিবার থেকে বিভিন্ন পর্যায়ে আরম্ভ হবে । সুষ্ঠ ও স্বচ্ছ ভাবে এই পরীক্ষা গ্রহণ করার ক্ষেত্রে কোন ধরণের আপোশ করা হবে না বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা মন্তব্য করেছেন । ইতিমধ্যেই সরকারী পরীক্ষায় অসাধু কার্যকলাপ প্রতিরোধে আসাম বিধানসভায় একটি বিলও গৃহিত হয়েছে । সবাইকে নেতিবাচক কার্যকলাপ থেকে দূরে সরে এসে এই পরীক্ষা সুষ্ঠভাবে অনুষ্ঠিত করার কাজে এগিয়ে আসতে মুখ্যমন্ত্রী সবাইকে আহ্বান জানিয়েছেন ।

---

আসামে আজ বিভিন্ন কার্যসূচির মাধ্যমে ভারতরত্ন ডক্টর ভূপেন হাজরিকার ৯৮-তম জন্ম জয়ন্তী পালন করা হয়েছে । এই উপলক্ষে সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে এবং ডক্টর ভূপেন

হাজরিকা আঞ্চলিক সরকারী চলচ্চিত্র ও টেলিভিশন প্রতিষ্ঠানের সহযোগিতায় আজ ঝালুকবাড়ি সমাধিস্থলে স্মৃতি তর্পন অনুষ্ঠানের আয়োজন করা হয় । অন্যদিকে ভূপেন হাজরিকা সাংস্কৃতিক ন্যাসের উদ্যোগে সাংস্কৃতিক পরিক্রমা বিভাগ এবং শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্র সমাজের সহযোগিতায় আজ থেকে দুদিনব্যাপী কার্যসূচির মাধ্যমে সমন্বয় দিবস পালন করা হচ্ছে । সারা আসাম ছাত্র সংস্থাও শিল্পীর জন্ম দিবস উপলক্ষে উদ্দিপনা শীর্ষক কার্যসূচির আয়োজন করেছে ।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা ডক্টর ভূপেন হাজরিকার জন্ম বার্ষিকী উপলক্ষে প্রয়াত শিল্পীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন । মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমের এক বার্তায় বলেছেন যে প্রায়ত এই শিল্পীর সঙ্গীতে ন্যায় , সমন্বয় এবং ভ্রাতৃত্ববোধের বার্তা বহন করে ।

কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা সামাজিক মাধ্যমযোগে এক বার্তায় বলেছেন যে ডক্টর হাজরিকার অতুলনীয় শিল্পীসূলভ রুচিবোধ আসামের সংস্কৃতি ও সুরকে ভারতীয় সঙ্গীত জগতের অগ্রণীরূপে প্রতিষ্ঠা করতে সহায়তা করেছে । প্রায়াত শিল্পীর সঙ্গীত আজও অসংখ্য মানুষের হৃদয় স্পর্শ করছে বলে তিনি মত প্রকাশ করেন ।

---

ট্রেডিং-এর নামে সাধারণ মানুষের অর্থ লোট মামলার অপরাধ সম্পর্কে অনুসন্ধান বিভাগ গতকাল বিশ্বনাথ জেলার গহপুর থেকে ২ জনকে গ্রেপ্তার করেছে । আসাম পুলিশ এই মর্মে এক বিবৃতি প্রকাশ করে বলেছে যে এই দুই অভিযুক্তের বিরুদ্ধে অপরাধ অনুসন্ধান বিভাগ ইতিমধ্যেই ভারতীয় ন্যায় সংহিতার বিভিন্ন ধারার অধীনে মামলা রুজু করেছে । উল্লেখ্য যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা অন-লাইন ট্রেডিং সম্পর্কে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে প্রকাশ করার সঙ্গে সঙ্গেই এ ধরণের মামলার তদন্ত করার জন্য গঠন করা এস আই টিতে ডিব্রুগরের অতিরিক্ত পুলিশ সুপার শ্বেজাল আগরওয়ালকে অর্ন্তভুক্ত করা হয় । আসাম পুলিশের অপরাধ দমন অনুসন্ধান শাখার মহাপরিদর্শক সংযুক্তা পরাশের নেতৃত্বে গঠিত এস আই টি দলটির ৭ জন উচ্চপর্যায়ের আধিকারিক এই মামলা গুলির তদন্ত করবেন ।

---

কেন্দ্রীয় যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রী ডক্টর মনসুখ মন্ডাভিয়া বলেছেন যে ভারত ২০৩০ সালে যুব অলিম্পিক এবং ২০৩৬ সালের গ্রীষ্মকালীন অলিম্পিক আয়োজনের দায়িত্ব গ্রহণ করার চেষ্টা চালাচ্ছে । নতুন দিল্লীতে আজ অলিম্পিক কাউন্সিল অব এশিয়ার সাধারণ সভায় অংশ নিয়ে বক্তব্য রাখার সময় কেন্দ্রীয় মন্ত্রী আজ এক কথা জানান । তিনি বলেন যে এবারের বাজেটে ক্রীড়ার জন্য অর্থের পরিমান ২০১৪-১৫ বছরের ১৪ কোটি ৩০ লক্ষ

টাকা থেকে বৃদ্ধি করে ৪৭ কোটি করা হয়েছে । সরকারের এই প্রচেষ্টার জন্যই ভারত এশিয়ান গেমসে ১০৭টি এবং প্যারা গেমসে ১১১টি পদক জয় করে অসাধারণ প্রতিভা প্রদর্শন করতে সক্ষম হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

---

কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী মনসুখ মন্ডাভিয়া বলেছেন যে সরকার উন্নত প্রশিক্ষণ প্রদানের জন্য খেলোওয়াড় এবং প্রশিক্ষকদের সব ধরণের সুবিধা প্রদান করতে বদ্ধপরিকর । শ্রী মন্ডাভিয়া বলেন যে খেলোয়াড়রা যাতে বিভিন্ন প্রতিযোগিতায় উন্নত খেলা প্রদর্শন করতে পারে সেজন্য সরকার দেশে আর্ন্তজাতিক মানের ক্রীড়া পরিকাঠামো গড়ে তুলছে । নতুন দিল্লীতে আজ প্যারিস পেরালিম্পিকে অংশ গ্রহণকরে ফিরে আসা খেলোয়াড়দের সংবর্ধণা জানিয়ে মন্ত্রী এ কথা জানান । সংবর্ধনা জানানো খেলোয়াড়দের মধ্যে স্বর্ণ পদক বিজয়ী অগ্নি লেখর , রৌপ পদক বিজয়ী মণীষ নরওয়াল এবং প্রণব সুমা ও ব্রোঞ্জ পদক বিজয়ী মোনা আগরওয়াল , রবীনা ফ্রান্সিস এবং রাকেশ কুমার প্রমুখ উপস্থিত ছিলেন । প্যারিস পেরালিম্পিকে অভূতপূর্ব প্রদর্শনের জন্য খেলোওয়াড়দের প্রশংসা করে মন্ত্রী বলেন যে তারা ২৭টি পদক অর্জন করে ভারতকে গৌরবান্বিত করেছেন ।

---

আসামে রেলপথ বৈদ্যুতিকরণের কাজ ৬৫ শতাংশ সম্পূর্ণ হয়েছে এবং আগামী বছরের মধ্যে নির্ধারিত লক্ষ্য অনুযায়ি ১০০ শতাংশ কাজ সম্পূর্ণ হওয়ার সম্ভাবনা রয়েছে । গতকাল আকাশবাণী গুয়াহাটীর দৃষ্টিপাত অনুষ্ঠানে অংশগ্রহণ করে উত্তরপূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসম্পর্ক আধিকারীক কপিঞ্জল কিশোর শর্মা একথা বলেন ।তিনি বলেন যে রেলপথ বৈদ্যুতিকরণের ফলে জ্বালানি সাশ্রয় হওয়া সহ রেলযাত্রাও দ্রুত হয়ে উঠবে ।বৈদ্যুতিক ইঞ্জিনের কর্মক্ষমতা বেশী থাকার ফলে রেলযাত্রা সহজ এবং আর্থিক ক্ষেত্রেও সাশ্রয় হবে বলে তিনি মন্তব্য করেন ।এদিকে রেল দূর্ঘটনা হ্রাস করা সহ রেলের ধাক্কায় হাতীর মৃত্যু রোধ করার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগ করে অপ্টিক্যাল ফাইবারের সহযোগিতায় ব্যবস্থা গ্রহণ করার ফলে এধরণের দূর্ঘটনার সংখ্যাও হ্রাস পেয়েছে বলে শ্রী শর্মা জানান ।উত্তরপূর্বাঞ্চলে রেলপথ নির্মাণের কাজ প্রায় অর্ধেক সম্পন্ন হয়েছে বলে উল্লেখ করে অঞ্চলটির প্রাকৃতিক এবং পরিবেশজনিত সমস্যার জন্য বিভিন্ন সময়ে নির্মাণকার্য ধীরগতিতে চলে বলে তিনি জানান ।রেলবিভাগ যাত্রীদের সুবিধার্থে

বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে বলে উল্লেখ করে তিনি বলেন যে যাত্রীরা রেল যাত্রার সময় কোন অসুবিধার সম্মুখীন হলে ‘রেল মদদ ’ পোর্টেলে আপত্তি দাখিল করতে পাবেন ।দিব্যাঙ্গদের সুবিধার জন্য শৌচাগার সহ ক্রমশ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে বলে তিনি জানান ।এছাড়া মহিলাদের সুরক্ষার ক্ষেত্রে রেল পুলিশ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে বলেও শ্রী শর্মা জানান ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের রেলওয়ে সুরক্ষা বাহিনী গত ১৬ অগাষ্ট থেকে ৩১শে অগাষ্ট পর্য্যন্ত বিভিন্ন রেল স্টেশনে তল্লাশি অভিযান চালিয়ে ৪৪ জন অপ্রাপ্ত বয়স্ক ও তিনজন মহিলাকে সফলভাবে উদ্ধার করতে সক্ষম হয় । সীমান্ত রেলের পক্ষ থেকে পরবর্তী আইনী প্রক্রিয়ার জন্য উদ্ধার করা শিশু ও মহিলাদের সংশ্লিষ্ট চাইল্ড লাইন ও জি আর পি-র হাতে তুলে দেওয়া হয়েছে ।

---

বরাক উপত্যকায় জন্মগত হৃদযন্ত্রে ত্রুটি ও থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীর বোনম্যারো পরীক্ষার জন্য বরাক ভিত্তিক মেগা শনাক্তকরন শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে শূন্য থেকে ১৮ বছর বয়স অবধি হৃদপিন্ডে ত্রুটি এবং ১৪ বছর বয়স অবধি থ্যালাসেমিয়া আক্রান্ত শিশুর বোনম্যারোর ট্রান্সপ্লান্টেশনের জন্য শনাক্ত করা হবে । শিবিরে কলকাতার নারায়ন হৃদয়ালয় এবং ব্যাঙ্গালোরের বিশেষজ্ঞ চিকিৎসকরা রোগী দেখবেন । শনাক্ত হওয়া শিশুদের পর্য্যায়ক্রমে সম্পূর্ন বিনামূল্যে আসাম বা রাজ্যের বাইরে চিকিৎসার ব্যবস্থা করা হবে ।

---

ধলাই মাতৃভূমি প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার ফাইনাল খেলায় ইসলামাবাদের ইলেভেন ব্রাদার্স দল বিজয়ী হয়েছে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজ ফাইনাল খেলায় ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স দল প্রতিপক্ষ জামালপুর এফ সি-কে সাডেন ডেথে ৯-৮ গোলের ব্যবধানে পরাজিত করে বিজয়ী হয়েছে । ফাইনালে খেলার শেষে খেলোয়াড়দের হাতে নগদ অর্থ ও ট্রফি তুলে দেন শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য । এছাড়া

সম্মানিত অতিথি হিসেবে বিজেপির কাছাড় জেলা সভাপতি বিমলেন্দু রায় উপস্থিত ছিলেন ।